# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪

৩. কিতাবুল ইসরা [ও মে’রাজ] (الإسراء)

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو نَصْرٍ التَّمَّارُ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (دَخَلْتُ الْجَنَّةَ فَإِذَا أَنَا بِقَصْرٍ مِنْ ذَهَبٍ فَقُلْتُ: لِمَنْ هَذَا الْقَصْرُ؟ فَقَالُوا: لِفَتًى مِنْ قُرَيْشٍ فَظَنَنْتُ أَنَّهُ لِي قُلْتُ: مَنْ هُوَ؟ قِيلَ: عُمَرُ بْنُ الْخَطَّابِ يَا أَبَا حَفْصٍ لَوْلَا مَا أَعْلَمُ مِنْ غَيْرَتِكَ لَدَخَلْتُهُ) فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ مَنْ كُنْتُ أَغَارُ عَلَيْهِ فَإِنِّي لَمْ أَكُنْ أَغَارُ عَلَيْكَ!

□□ □□□ □

[تعليق الشيخ الألباني]

صحيح ـ ((الصحيحة)) (1423).

الحديث: 54 ¦ الجزء: 1 ¦ الصفحة: 184

বাংলা

ذِكْرُ وَصْفِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَصْرَ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ فِي الْجَنَّةِ حَيْثُ رَآهُ لَيْلَةَ أُسْرِيَ بِهِ

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইসরার (মি’রাজের) রাতে উমার ইবনুল খাত্তাব রাযিয়াল্লাহু আনহুর জান্নাতের যে প্রাসাদ দেখেছিলেন, তার বিবরণ:

৫৪. আনাস (রাযিঃ) হতে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মি’রাজের রাতে আমি জান্নাতে প্রবেশ করে তাতে একটি সোনানির্মিত প্রাসাদ প্রত্যক্ষ করলাম। আমি প্রশ্ন করলাম, এ প্রাসাদটি কার জন্য? ফেরেশতারা বললেন, কুরাইশের এক যুবকের জন্য। আমি ধারণা করলাম, আমিই সেই যুবক। আমি প্রশ্ন করলামঃ কে সেই যুবক? ফেরেশতারা বললেন, "উমার ইবনুল খাত্তাব। হে আবূ হাফস! আমি তোমার

আত্মসম্মানবোধের কথা জানা না থাকলে আমি তাতে প্রবেশ করতাম। ’উমার (রাঃ) (শুনে) বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমি অন্য যে কারো প্রতি আত্মসম্মানবোধ অনুভব করি, কিন্তু আমি আপনার প্রতি কখনো আত্মসম্মানবোধ দেখাতে পারি না।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: বুখারী, ৩৬৮০; আহমাদ ৩/ ১০৭, ১৯১,; ইবনু আবী শাইবা, আল মুসান্নাফ ১২/২৭; তাহাবী, মুশকিলিল আসার ২/৩৯০; তিরমিযী ৩৬৮৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন